

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)  
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৬৫৭

তারিখঃ ২২/০১/২০১৩ ইং


প্রেস বিজ্ঞপ্তি

৪৬৫ তম কমিশন সভা অদ্য ২২/০১/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে উত্তোলিত অর্থ থেকে ইস্যু ব্যবস্থাপনা ফি এর অতিরিক্ত পরামর্শক ফি প্রদান করায় কমিশন আজকের সভায় Aamra Technologies Limited (Issuer) কে সতর্ক পত্র (warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. সভায় কমিশন Dutch Bangla Bank Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে বিনিয়োগকারী জনাব মোঃ শাহাদাৎ হোসেন -কে সতর্ক পত্র (Warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. কমিশন আজকের সভায় বাংলাদেশে কার্যরত এক্সটারনাল ক্রেডিট রেটিং এজেন্সীসমূহের জন্য প্রযোজ্য বিধিবিধানের অধিকতর প্রয়োগ ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক তদারকী জোরদার করা ও তার পরিপালন নিশ্চিতকরণ বিষয়ে ক্রেডিট রেটিং কোম্পানীসমূহের পরিদর্শন ম্যানুয়াল প্রস্তুতকরণের লক্ষ্যে নিম্নেউল্লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ
  - ক) জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ এসইসি আহ্বায়ক
  - খ) জনাব মোঃ মাহবুবুল আলম, পরিচালক, বাংলাদেশ এসইসি সদস্য
  - গ) জনাব শেখ মোঃ লুৎফুল কবির, উপ-পরিচালক, বাংলাদেশ এসইসি সদস্য সচিব

উক্ত কমিটি আগামী ৩০ কার্য দিবসের মধ্যে কমিশনের নিকট উল্লিখিত পরিদর্শন ম্যানুয়াল প্রস্তুতপূর্বক দাখিল করবেন।

৪. AIBL Capital Management Limited কর্তৃক পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংকের রেজিস্ট্রেশন সনদের আবেদনের প্রেক্ষিতে তাদের অনুকূলে Letter of Intent ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. Citigroup Global Markets Bangladesh Private Limited কর্তৃক মার্চেন্ট ব্যাংক নিবন্ধন সনদ সমর্পন (surrender) এর বিষয়ে আবেদনের প্রেক্ষিতে কমিশন আজকের সভায় তা অনুমোদন করেছে।
৬. আজকের সভায় Familytex (BD) Ltd. এর ১০ টাকা মূল্যমানের ৩.৪০ কোটি সাধারণ শেয়ার ফেস ভ্যালুতে ইস্যু করার (Fixed Price Method -এ) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ৩৪ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ঋণ পরিশোধ করবে। ৩১ শে ডিসেম্বর ২০১১ সনে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী Familytex (BD) Ltd. এর শেয়ার প্রতি আয় (Diluted EPS) ০.৯২ টাকা এবং নীট সম্পদ মূল্য (NAV) ১১.৮২ টাকা। উল্লেখ্য, Familytex (BD) Ltd. এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance & Investment Limited।
৭. সভায় Purabi General Insurance Company Limited এর রাইট শেয়ার (২R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ২টি রাইট শেয়ার) কোন প্রিমিয়াম ব্যতীত ফেস ভ্যালুতে অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Purabi General Insurance Limited কে কমিশন ১,৮৩,৬৭,৮০০টি সাধারণ শেয়ার, প্রতিটি ১০ টাকা মূল্যে বাজারে ছেড়ে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানীটি ১৮,৩৬,৭৮,০০০.০০ (আঠার কোটি ছত্রিশ লক্ষ আটাত্তর হাজার) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে AFC Capital Limited কাজ করছে।

  
২২/০১/২০১৩  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র